ISO 9001 : 2015 CERTIFIED

শেখ হাসিনার উদ্যোগ

# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল।

ফোনঃ ০২৯৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২৯৯৭৭৫৩৩১৫

ই-মেইলঃ tangail_pbs@yahoo.com; ওয়েব-সাইট: www.pbs.tangail.gov.bd; ফেজবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০২.০০৮.২২.৬৮৪৪

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৯ বঃ / ০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষে পবিস প্রদত্ত এলপিসি অনুযায়ী অথবা পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১) | **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২০/০৯/২০২২খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৯ম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। |
| | | | ০২) | **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম-সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩) | **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (টাঙ্গাইল পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ১/২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনকভাবে কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে। |

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

আগ্রহী প্রার্থীগণকে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **(www.pbs.tangail.gov.bd)** হতে আবেদন ফরম ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২০/০৯/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাঙ্গাইল বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদন গ্রহণের নির্ধারিত সময়ের পরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন আবেদন গ্রহণ করা হবে না। এছাড়াও হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য, নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়তি অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়তি অনুলিপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

০৩। **বেতন ও ভাতাদিঃ**

(ক) পবিস নির্দেশিকা ,বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকুলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তরে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পাদনকারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর “অভিজ্ঞতা সনদ” দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা এলাকা পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঝ) ইতিপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঞ) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ট) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করে আবেদন বর্ণিত ঠিকানায় প্রেরণ করতে হবে।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

01.09.22

(মোঃ আবু হানিফ মিয়া)
জেনারেল ম্যানেজার
মোবা-০১৭৬৯৪০০০৭৮

**অনুলিপিঃ (সদয় অবগতি ওবহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নিবাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস।
০৬। ডিজিএম, (কারিগরী-সদর দপ্তর)/দেলদুয়ার/নাগরপুর/বাসাইল/গোড়াই/মির্জাপুর/এলেঙ্গা জোনাল অফিস, টিপিবিএস।
০৭। এজিএম(অর্থ-হিসাব/ রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি ।
০৮। এজিএম (আইটি) টাঙ্গাইল পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৯। নোটিশ বোর্ড, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি ।
১০। অফিস কপি/মাষ্টার কপি।

০১।০৯।22

(মোঃ আলমগীর রহমান)
এজিএম(মানব সম্পদ) চঃ দাঃ
মোবা-০১৭৬৯৪০২২৮২

ফরম-১

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে তিন কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে লাগিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি
আশেকপুর, টাঙ্গাইল।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০২.০০৮.২২.৩৮৪৪

০২. নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ-০১ সেপ্টেম্বর '২০২২ খ্রিঃ।

০৩. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার।

০৪. পদের ধরণ-চুক্তিভিত্তিক

০৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)....................................................

(বড় হাতের ইংরেজী অক্ষরে)............................................................

০৬. মাতার নাম..........................................................................

০৭. পিতার নাম..........................................................................

০৮. জন্ম তারিখ (দিন/মাস/বছর) (এস এস সি/জাতীয় পরিচয় পত্র অনুযায়ী)..................................................................

০৯. বয়স (২০/০৯/২০২২ খ্রিঃ তারিখে)...............................................

১০. ধর্ম....................................................................................

১১. জাতীয়তা..............................................................................

১২. নিজ জেলা.............................................................................

১৩. টেলিফোন/ মোবাইল নম্বর..........................................................

১৪. বৈবাহিক অবস্থা (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৫. স্থায়ী ঠিকানাঃ

| ................................. | ................................... | ................................. | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

মোঃ আলমগীর রহমান
এজিএম (মানব সম্পদ) চুঃ সঃ
টাঙ্গাইল পবিস

১৬. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ............................................ | ........................................ | ........................................ | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৭. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১৮. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১৯. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে উল্লিখিত কোন তথ্য ভুল/অসত্য অথবা গোপন করে থাকি এবং নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তাদি পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তবে টাঙ্গাইল পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে টাঙ্গাইল পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মেনে নিতে বাধ্য থাকবো।

| ------------------------------- | ------------------------------------- |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |